মেহেরপুরে যুগান্তরের ২৫ বছরে পদার্পনে আলোচনা সভা সম্মাননা প্রদান

মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে আলোচনাসভা ও চারণ সাংবাদিককে সম্মাননা প্রদান করা হয়। যুগান্তর স্বজন সমাবেশ মেহেরপুর কমিটির উপদেষ্টা পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সভাপতিত্ব করেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান মোহা. আব্দুস সালাম, যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, চারণ সাংবাদিক আব্দুস সালাম, ইউএনবি প্রতিনিধি ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুণ জুয়েল, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ।

অনুষ্ঠানে সম্মাননা জানানো হয় দৈনিক সংবাদের সাবেক চারণ সাংবাদিক আব্দুস সালামকে। তাকে উত্তরীয় পরিয়ে দেন মেয়র রিটন। ক্রেস্ট তুলে দেন জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম। এছাড়া চারন সাংবাদিক আব্দুস সালামকে উৎসর্গ করা যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমের লেখা ‘মুজিবনগর: যুদ্ধজয়ের উপখ্যান’ বই ও পোষাক তুলে দেয়া হয়।

মেয়র রিটন বলেন- এখনও যুগান্তর নিরপেক্ষতা রেখে সংবাদ পরিবেশন করে আসছে। আগামীতেও এমনটা থাকার প্রত্যাশা করেন মেয়র।

জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম বলেন- গত ২৪ বছরে জেলার ২৪ জন সম্মাননা পেয়েছেন। আগামীতে সম্মানীয়রা স¤মানীত হবেন যুগান্তরের মাধ্যমে। এ মেহেরপুরের বড় পাওয়া।

জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ, ম, ইমতিয়াজ বিন হারুণ জুয়েল তার বক্তব্যে বলেন- যুগান্তরসহ যেকোন সাংবাদিকের বিরুদ্ধে

কোন মামলা হলে তিনি ওই সাংবাদিককে কোন সম্মানীছাড়া আইনী সহায়তাসহ তার পাশে থাকবেন।